

আনুষ্ঠানিকভাবে দেশের বাজারে চীনা ব্র্যান্ড রিভারসং

- A Monitor Desk Report

Date: 05 November, 2023

RIVERSONG

ঢাকা: বাংলাদেশের বাজারে আনুষ্ঠানিকভাবে প্রযুক্তিগত বিক্রি শুরু করেছে চীনা ব্র্যান্ড রিভারসং।

দেশের অন্যতম ডিস্ট্রিবিউটর ডিএক্স গ্রুপ ব্র্যান্ডটির পণ্য বাজারজাত করবে। বর্তমানে দেশে রিভারসংয়ের দুটি টু ওয়্যারলেস ইয়ারব্যাড (টিডব্লিউএস) ও তিনটি স্মার্টওয়াচ পাওয়া যাবে।

আরও পড়ুন: [আকাশভ্রমণে আসছে বাড়তি ব্যয়ের খড়্গ](#)

টিডব্লিউএসের দুটি মডেল হচ্ছে এয়ারফ্লাই এল৫ ও এয়ার এক্স২৬। দুটি ডিভাইসেই এইচডি স্টেরিও সাউন্ড কোয়ালিটি রয়েছে। এছাড়া এনভায়রনমেন্টাল নয়েজ ক্যানসেলেশন ও আইপিএক্স৫.০ সোয়েট পুফ ফিচার রয়েছে। হেডফোনগুলো গুগল ও সিরির ভয়েস অ্যাসিস্ট্যান্ট সাপোর্ট করে। দেড় ঘণ্টার চার্জ হেডফোনগুলো পাঁচ ঘণ্টা পর্যন্ত ব্যাকআপ দেবে। এয়ারফ্লাই এল৫ মডেলটির দাম ১ হাজার ৩৯৯ টাকা আর এয়ার এক্স২৬-এর দাম ১ হাজার ৪৯৯ টাকা।

স্মার্টওয়াচগুলোর মধ্যে মোটিভ-৬ প্রো মডেলে রয়েছে ১ দশমিক ৮৩ ইঞ্চির টিএফটি টাচ স্ক্রিন। স্মার্টওয়াচটিতে রয়েছে ব্লুটুথ কলিং ফাংশন, স্প্লিট স্ক্রিন, ফুটবল ফ্যান ওয়াচ ফেস, হোয়াটসঅ্যাপ কল ও ইন অ্যাপ জিপিএস ফিচার। এছাড়া রয়েছে ওয়েদার ফোরকাস্ট ও ক্যামেরা কন্ট্রোল। দাম ২ হাজার ৯৯৯ টাকা। মোটিভ ৬সি প্রো মডেলটিতে রয়েছে ১ দশমিক ৩ ইঞ্চির টিএফটি ডিসপ্লে। এ মডেলেও রয়েছে ওয়েদার ফোরকাস্ট ও ক্যামেরা কন্ট্রোল। এবিএস প্লাস্টিকসহ মেটাল বডির মডেলটির দাম ৩ হাজার ৯৯৯ টাকা।

-B